# লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সম্পাদনাঃ ড. পীরুপদ মালিক

Lokosanskriti O Lokosahitya
*Collection of articles edited by Dr. Pirupada Malik*
*Associate Professor, Rabindra Mahavidyalaya, Published by Bikash Sadhukhan, 9/3*
*Ramanath Majumder Street, Kolkata-700 073, February 2023, Rs.*

গ্রন্থস্বত্ব : সম্পাদক

প্রকাশক :
বিকাশ সাধুখাঁ
৯/৩ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ : আন্তর্জাতিক কলকাতা বইমেলা
৫ ফেব্রুয়ারি, ২০২৩

বর্ণ বিন্যাসে : রূপম চক্রবর্তী

মুদ্রক :
মা শীতলা প্রিন্টিং ওয়ার্কস্
১৩, শশীভূষণ দে স্ট্রিট
কলকাতা-৭০০ ০১২

ISBN : 978-93-91321-38-3

মূল্য : ১৬০ টাকা মাত্র

# লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সম্পাদনা

ড. পীরুপদ মালিক

প্রজ্ঞা বিকাশ

৯/৩, রমানাথ মজুমদার স্ট্রিট

কলকাতা-৭০০০০৯

# সূচিপত্র

১। লোকসংস্কৃতি — পীরুপদ মালিক ১১

• সংস্কৃতি • লোকসংস্কৃতি • সংজ্ঞা • উদ্ভবের ইতিহাস • বাংলা প্রতিশব্দ • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • লোকসংস্কৃতি বনাম অভিজাত সংস্কৃতি • লোকসংস্কৃতি ও অভিজাত সংস্কৃতির পার্থক্য • লোকসংস্কৃতি সীমানা, দ্বন্দ্ব-সমন্বয়

২। লোকসাহিত্য — বর্ণালী হাজরা ২৩

• সাধারণ পরিচয় • সংজ্ঞা • শ্রেণিবিভাগ • বৈশিষ্ট্য • লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের পার্থক্য

৩। লোককথা অনুশীলনে টাইপ-মোটিফ পদ্ধতি — নবনীতা বসু ২৯

• লোকসংস্কৃতি টাইপ-মোটিফ পদ্ধতি • পশুকথা • সাধারণ লোককথা • হাসি ও পারিবারিক লোককথা • মোটিফ ইনডেক্স পদ্ধতি • লোকপুরাণ • জীবজন্তু • ট্যাবু বা বিধিনিষেধ • জাদু • মৃত • অসাধ্যসাধন • রাক্ষস-খোক্কস-দৈত্য-দানব-ডাইনি • পরীক্ষা • চালাক ও বোকা • প্রতারণা • লোককথার টাইপ-মোটিফ পদ্ধতি

৪। বাংলার ছড়া : জীবনে ও সাহিত্যে — পায়েল দে কুণ্ডু ৪১

• ছড়া শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ

৫। প্রবাদ-প্রবচন — দীনবন্ধু কুণ্ডু ৪৯

• প্রবাদ শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • প্রবাদ ও ধাঁধা • বাগধারা • ডাক ও খনার বচন

৬। ধাঁধা — রুমা চক্রবর্তী ৬০

• উৎপত্তি — ভাষাগত দিক, স্থানগত দিক • শ্রেণিবিভাগ • সংজ্ঞা • বৈশিষ্ট্য • উপাদান • প্রয়োগ • ধাঁধা চর্চার ইতিহাস • ধাঁধা ও প্রবাদের পার্থক্য

৭। লোককথা — পীরুপদ মালিক ৬৮
• উৎস • সংজ্ঞা • শ্রেণিবিভাগ — রূপকথা, উপকথা, ব্রতকথা, পুরাণ কথা

৮। লোকমন্ত্র — মৌসুমী ব্যানার্জী ৭৪
• সংজ্ঞা • মন্ত্রের উৎপত্তি • বৈশিষ্ট্য — অভিজাত মন্ত্র, লৌকিক মন্ত্র • ভিন্ন ধরনের মন্ত্র • সাহিত্যে লৌকিক মন্ত্রের প্রয়োগ • অভিজাত ও লৌকিক মন্ত্রের পার্থক্য

৯। লোকবাদ্য ও লোকপ্রযুক্তি — দীনবন্ধু কুণ্ডু ৮২
• উদ্ভবের ইতিহাস • লোকপ্রযুক্তি • লোকপ্রযুক্তির ইতিহাস

১০। লোকসঙ্গীত — ইন্দ্রাণী মালিক ৯০
• উদ্ভবের ইতিহাস • সংজ্ঞা • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ — ধর্মীয় প্রেরণাজাত, ধর্মীয় প্রেরণা নিরপেক্ষ

১১। বাউল ও বাউল গান — মধুমিতা সরকার ৯৬
• বাউল গানের উদ্ভবের ইতিহাস • বাউল শব্দের উৎপত্তি • গানের পরিচয়

১২। লোকগান ভাটিয়ালি — দীপন দাস ১০২
• ভাটিয়ালি শব্দের উদ্ভবের ইতিহাস • গানের ইতিহাস • ভাটিয়ালি গানের বিষয় বৈচিত্র্য — লৌকিক প্রেম, রাধাকৃষ্ণের প্রেম, আধ্যাত্মিক স্তরের গান • ভাটিয়ালি গানের বৈশিষ্ট্য

১৩। লোকসঙ্গীত ভাওয়াইয়া — সঞ্জয়কুমার পতি ১১০
• ভাওয়াইয়ার অবস্থান • নামকরণ • বিষয়বস্তু ও প্রকারভেদ • ভাওয়াইয়া গানের সংগীত শিল্পী

১৪। লোকসঙ্গীত গম্ভীরা : বিবর্তিত সময়ে — পায়েল ভট্টাচার্য্য ১১৬
• গম্ভীরার উদ্ভবের ইতিহাস • গম্ভীরার শ্রেণিবিভাগ — বন্দনা, চার-ইয়ারী, টপ্পা-ঠুংরী, সালতামামি • লোকনাট্য • লোকসঙ্গীত

১৫। লোকনাট্যের রকমফের — মহুয়া বিশ্বাস ১২২
• লোকনাট্যের প্রকারভেদ • পালাটিয়া • কোজাগরী খনগান • আলকাপ • গাজন পালা

১৬। লোকনৃত্য ছৌ — গম্ভীর কুমার ১৩৩
• লোকনৃত্যের উদ্ভব ও ইতিহাস • পুরুলিয়ার ছৌ-নৃত্য • সেরাইকেলার ছৌ-নৃত্য

১৭। লোকনৃত্য ও রায়বেঁশে — দীনবন্ধু কুণ্ডু ১৪৪
• লোকনৃত্যের সাধারণ পরিচয় • মুখোশ নৃত্য • ছৌ-নৃত্য • গম্ভীরা নৃত্য • মুখাখেলা নৃত্য • ধর্মীয় বা আচার নৃত্য • উৎসব নৃত্য • ব্যবসায়ী নৃত্য • যুদ্ধ নৃত্য • উপজাতি নৃত্য • রায়বেঁশে লোকনৃত্যের বিস্তৃত পরিচয়

১৮। লোকনৃত্যের বৃত্তে করম, নাটুয়া ও নাচনি — নিবেদিতা দিন্দা ১৫৪
• লোকনৃত্যের পরিচয় • লোকনৃত্যের বৈশিষ্ট্য • করম নাচ ও তার বৈশিষ্ট্য • নাটুয়া নাচ ও তার বৈশিষ্ট্য • নাচনি নাচ ও তার বৈশিষ্ট্য

১৯। বাংলার ব্রত ও পার্বণ : প্রসঙ্গ পুণ্যিপুকুর, মাঘমণ্ডল ও সেঁজুতি — পূজা ভুঁঞে ১৬২
• ব্রত সাধারণ পরিচয় • পুণ্যিপুকুর • মাঘমণ্ডল • সেঁজুতি • গোকুল • দশ-পুতুল • শিব ব্রত • যমপুকুর

২০। লোক উৎসব 'ভাদু' — একটি সমীক্ষা — সুজাতা বন্দ্যোপাধ্যায় ১৭৪
• ভাদু উৎসবের উৎপত্তি • ভাদু উৎসবের ইতিহাস • লোকউৎসব ভাদু

২১। মানভূমের লোকসংগীত 'ঝুমুর' — সঞ্জয়কুমার পতি ১৮২
• সীমানা • ঝুমুর নামের উৎপত্তি • ঝুমুরের প্রকারভেদ • মাস অনুযায়ী প্রচলিত ঝুমুর • ঝুমুর গানের বিষয় • ঝুমুর গানের সঙ্গে নাচনী নাচের সম্পর্ক • ঝুমুর : সেকাল-একাল

# লোকবাদ্য ও লোকপ্রযুক্তি

## দীনবন্ধু কুণ্ডু

বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতির অন্যতম উপাদান হলো লোকবাদ্য। লোকসংগীত ও লোকনৃত্যের সঙ্গে লোকবাদ্যের গভীর সংযোগ রয়েছে। বাংলার লোকগান ঝুমুর, গম্ভীরা, বাউল, কীর্তন, ভাদু, টুসু, ছৌ ও অন্যান্য নৃত্যের সঙ্গে লোকবাদ্যের যোগটি অত্যন্ত গভীর। প্রাচীনকালে বাংলাদেশে নাচ গানের সঙ্গে যে সমস্ত বাদ্যযন্ত্র ব্যবহৃত হত সেগুলিকে লোকবাদ্য বলতে পারি। লোকসমাজের বাসিন্দারাই এই বাদ্যযন্ত্রগুলি তৈরি করে থাকেন। অনেক প্রাচীন লোকবাদ্যগুলি বর্তমানে নতুন রূপে পরিবর্তিত হয়ে জনপ্রিয় সংগীতে ব্যবহৃত হচ্ছে। তবে নৃত্য ও সংগীত ছাড়াও পুজো, পার্বণ, ক্রীড়া, যুদ্ধ, উৎসব, অনুষ্ঠান, বিজ্ঞাপন ও ঘোষণা সবক্ষেত্রেই লোকবাদ্যের ব্যবহার লক্ষ করা যায়।

বাংলাভাষার প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদে' পটহ, একতারা, ঢোল, ডমরু, বাঁশি, মাদল ও দুন্দুভি লোকবাদ্যের উল্লেখ পাওয়া যায়। চর্যাপদে সময়ে বিবাহ অনুষ্ঠানে প্রচলিত লোকবাদ্যের উল্লেখ পাওয়া যায়—

"ভব নির্ব্বাণে পড়হমাদলা।
মণপবণ বেণি করণ্ড কসালা।।
জঅ জঅ দুংদুহি সাদ উছলিআঁ।
কাহ্নু ডোম্বি বিবাহে চলিআ।।"[১]

এখানে একটি বিবাহ অনুষ্ঠানে ব্যবহৃত পটহমাদল, দুন্দুভি, করণ্ড (ঢোল জাতীয় বাদ্যযন্ত্র) ও কসালা (কাঁসি বা করতাল) প্রভৃতি বাদ্যযন্ত্রের কথা উল্লিখিত হয়েছে।

এছাড়াও বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের অন্যান্য শাখাতেও বেশ কিছু লোকবাদ্যের পরিচয় পাওয়া যায়। সেই সমস্ত বাদ্যযন্ত্রের মধ্যে উল্লেখযোগ্য হল কাঁসি, বাঁশি, শিঙা, দুন্দুভি, ডম্বরু, সানাই, জয়ঢাক, তাসা, ঘণ্টা, ঝাঁঝরি, শঙ্খ, খোল, করতাল, দামামা, দগড়, রগড়, ঢাক, ঢোল, ডুগডুগি, খমক, তবল নুপুর, সেতারা, দোতারা, বিষাণ, সারিন্দা, টিকারা, তম্বুরা, চুড়ি, ঘুঙুর, ভেউড়, ঝাম ও বর্গেল প্রভৃতি। বাংলাদেশের প্রকৃতি থেকে উপাদান সংগ্রহ করে বাংলাদেশের শিল্পীরাই লোকাবাদ্যগুলি তৈরি করে থাকেন। আধুনিক কালের উন্নত কারখানা ঘরে এগুলি তৈরি হয় না। সাধারণ শিল্পীরা নিজেদের বুদ্ধি প্রয়োগ করে এই লোকবাদ্যগুলি তৈরি করে। লোকপ্রযুক্তিতে তৈরি বাদ্যযন্ত্রগুলি পরবর্তী সময়ে নানা পেশার সঙ্গে যুক্ত হয়েছে। নানা পরিবর্তনের মধ্য দিয়ে এই বাদ্যযন্ত্রগুলি আরও উন্নত ও জনপ্রিয় হয়ে উঠেছে। বাংলাদেশে লোকপ্রচলিত বেশ কিছু বাদ্যযন্ত্র নিয়ে আলোচনা করা হলো।